



ঢাকা বিশ্ববিদ্যালয়: ক্রিমিনোলজি বিভাগের ০২ (দুই) টি স্থায়ী প্রভাষকের শূন্য পদ পূরণের জন্য রেজিস্ট্রারের দপ্তর হতে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। বেতন স্কেল ২২,০০০-৫৩,০৬০/- টাকা (জাতীয় বেতন স্কেলে ২০১৫)।

যোগ্যতা: প্রার্থীদের অবশ্যই ক্রিমিনোলজি বিষয়ে স্নাতক এবং স্নাতকোত্তর পরীক্ষার উভয়টিতে প্রথম শ্রেণী/সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম ৩.৫০ সহ এস.এস.সি. এবং এইচ.এস.সি. পরীক্ষায় প্রথম বিভাগ/জিপিএ ৫.০০ এর মধ্যে ন্যূনতম ৪.২৫ থাকতে হবে। যে সকল প্রার্থী স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় প্রথম স্থান/ সর্বোচ্চ সিজিপিএ অর্জন করেছে, তাদের ক্ষেত্রে এস.এস.সি বা এইচ.এস.সি পরীক্ষার যে কোন একটির অনুমোদিত শর্ত শিথিলযোগ্য। যাদের সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি এবং মানসম্মত প্রকাশনায় প্রবন্ধ আছে তাঁদের অগ্রাধিকার প্রদান করা যেতে পারে। প্রিডেটোরি জার্নালে প্রকাশিত কোন প্রবন্ধ গ্রহণ করা হবে না। চাকরিরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত প্রেরণ করতে হবে। সংশ্লিষ্ট নোট এবং শর্তাবলী প্রযোজ্য (বিস্তারিত জানার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট দেখুন)।

রেজিস্ট্রারের অনুকূলে ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফটসহ ৮(আট) কপি দরখাস্ত রেজিস্ট্রারের নিকট পৌঁছাতে হবে। দরখাস্তের প্রত্যেক কপির সাথে সার্টিফিকেট, মার্কসীট, প্রশংসাপত্র এবং অভিজ্ঞতার প্রমাণপত্রের সত্যায়িত প্রতিলিপি সংযুক্ত করতে হবে। দরখাস্ত গ্রহণের শেষ তারিখ ০৩/০৯/২০২৪।

UNIVERSITY OF DHAKA: Applications in prescribed form, obtainable from the office of the Registrar, are invited from the Bangladeshi nationals for filling up 02 (two) permanent posts of Lecturer in the Department of Criminology, University of Dhaka at the Pay Scale: Tk. 22,000-53,060/- (National Pay Scale of 2015).

QUALIFICATIONS: Candidates must have a first class/a minimum CGPA of 3.50 out of 4.00 in both Bachelor and Master degrees in Criminology with a first division/a minimum GPA of 4.25 out of 5.00 in both SSC and HSC examinations. Requirements for either the SSC or HSC examinations may be relaxed for the candidates who have obtained the first position/the highest CGPA in both Bachelor and Master degrees. Candidates having a Ph.D. in the relevant field and research publication(s) in a quality journal may get preference. Articles published in predatory journal will not be accepted. Applicants already in service must apply through proper channel. Relevant notes and conditions apply. (For details, see the Dhaka University Website).

Eight copies of application together with attested copies of certificates, testimonials, mark-sheets and proof of experience along with a Pay Order/Bank Draft of the value of Tk.750/- (Seven hundred & Fifty) only, payable to the Registrar, should reach him on or before 03/09/2024.

